অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক স্টেটে হিমশীতল বৃষ্টি এবং উপকূলীয় বন্যা সহ আসন্ন ঝড়ের কারণে গভর্নর কুউমো সতর্কতার আহ্বান জানিয়েছেন

ক্যাপিটাল রিজিয়ন, মোহক উপত্যকা, হাডসন ভ্যালি এবং সাউদার্ন টিয়ার জুড়ে পড়া হালকা বরফ সম্ভবত একাধিক কাউন্টি জুড়ে সকালের ভ্রমণকে প্রভাবিত করবে

সোমবার জোয়ারের সময় কিছু অঞ্চলে 2-3 ফুট পর্যন্ত জলোচ্ছ্বাসের সম্ভাবনা সহ নিউ ইয়র্ক স্টেট এবং লং আইল্যান্ডের জন্য উপকূলীয় বন্যার পর্যবেক্ষণ এবং পরামর্শ জারি করা হয়েছে।

স্টেটে মধ্য দিয়ে যাওয়া একটি ঝড়ের কারণে আজ গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো নিউ ইয়র্কবাসীকে আজ রাত থেকে শুরু হয়ে সোমবার পর্যন্ত আপস্টেটে পিচ্ছিল পরিস্থিতি এবং উপকূলী জুড়ে উপকূলীয় বন্যার জন্য প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন। আপস্টেট অঞ্চলে, ঝড়টি হিমশীতল শিলাবৃষ্টি এবং হালকা বরফ নিয়ে আসবে বলে আশংকা করা হচ্ছে। রবিবার শেষরাত থেকে শুরু হয়ে সোমবার সকাল পর্যন্ত চালকগণ সড়ক এবং সেতুতে পিচ্ছিল পরিস্থিতির সম্মুখীন হবেন বলে ধারণা করা হচ্ছে, এবং সকল নিউ ইয়র্কবাসীকে সড়কে সাবধানতা অবলম্বন করতে আহ্বান জানানো হচ্ছে। ডাউনস্টেট এলাকায়, আজ এবং আগামীকাল জোয়ারের সময় উপকূলীয় বন্যার সম্ভাবনা রয়েছে।

"ঝড়টি ইস্ট কোস্টের দিকে অগ্রসর হচ্ছে এবং আপস্টেট নিউ ইয়র্কে শীতল আবহাওয়া এবং ডাউনস্টেট অঞ্চলে তীব্র বায়ুপ্রবাহ ও সম্ভাব্য বন্যা নিয়ে আসতে পারে," **গভর্নর কুওমো বলেন**। "স্টেটের সংস্থাগুলো পরিস্থিতি পর্যবেক্ষন করছে ও সহায়তার জন্য প্রস্তুত আছে, এবং চালকগণকে আমি সড়কে প্রস্তুত থাকতে ও সতর্কতা অবলম্বন করতে আহ্বান জানাচ্ছি।"

মাঝে মাঝে সম্ভাব্য শিলাবৃষ্টি সহ হিমশীতল বৃষ্টি, এবং এক ইঞ্চির দশভাগের একভাগ আকারের হালকা বরফের কারণে, আজকে সন্ধ্যা থেকে সোমবার দুপুর পর্যন্ত জাতীয় আবহাওয়া পরিষেবা কর্তৃক একটি শীতকালীন আবহাওয়ার পরামর্শ জারি করা হয়েছে। মোহক উপত্যকা, ক্যাপিটাল রিজিয়ন, হাডসন ভ্যালি এবং সাউদার্ন টিয়ার-এর 18টি কাউন্টিতে শীতকালীন আবহাওয়ার পরামর্শটি কার্যকর রয়েছে। বিপজ্জনক পরিস্থিতি, যার মধ্যে রয়েছে অত্যন্ত পিচ্ছিল ফুটপাত, রাস্তা ও সেতু, সোমবার সকালের যাত্রায় প্রভাব ফেলতে পারে। কাউন্টিগুলোর মধ্যে রয়েছে: আলবানি, কলাম্বিয়া, ডেলাওয়্যের, ডাচেস, ফুলটন, গ্রিনি, হারকাইমার, মন্টগোমারি, অরেঞ্জ, অটসেগো,

রেনসেলিইয়ার, সারাটোগা, শেনেকট্যাডি শোহারি, সালিভান, উলস্টার, ওয়ারেন এবং ওয়াশিংটন কাউন্টি।

উপকূলীয় বন্যা পর্যবেক্ষণ এবং পরামর্শ ওয়েস্টচেষ্টার কাউন্টির পাশপাশি নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডের জন্যেও কার্যকর যা আজকে অপরাহ্ন থেকে বিকেল পর্যন্ত থাকবে। আজকের জোয়ারের সাথে উপকূলবর্তী নিচু অঞ্চল এবং জলাভূমির কাছাকাছি ভূপৃষ্ট এক ফুট পর্যন্ত উচ্চতার বন্যা হতে পারে, এবং সোমবার দিনে জোয়ারের সময় 2 থেকে 3 ফুট পর্যন্ত বন্যা হতে পারে। সমুদ্রের সৈকত সংলগ্ন এলাকায় বর্ধিত পানির স্তর এবং জলোচ্ছাসের সমন্বয় জোয়ারের সময় সৈকত ক্ষয় এবং নির্দিষ্ট অঞ্চল জুড়ে পানি ছড়িয়ে দিতে পারে।

এজেন্সির প্রস্তুতি

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি ও ইমার্জেন্সি সার্ভিসের জরুরি পরিচালনা কেন্দ্র (Emergency Operations Center, State EOC) বর্তমানে হ্যালোউইন 2019 ঝড় আপস্টেট-এর প্রতিক্রিয়ায় রাষ্ট্রীয় সম্পদের সমন্বয়ে সহায়তার উদ্দেশ্যে লেভেল ফোর (Level Four) স্ট্যাটাস চালু করেছে। স্টেটের জরুরি পরিচালনা কেন্দ্র (EOC) আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখবে এবং ঝড়ের সময় স্থানীয় বাসিন্দাদের সাথে যোগাযোগ রাখবে। পাম্প, চেইন'স, বালির বস্তা ও বোতলজাত পানি সহ ঝড়-সংক্রান্ত প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকজনের কাছে পৌঁছে দিতে স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation)

3,450 জন সুপারভাইজর এবং অপারেটর সহ সড়ক বিভাগ পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত। আঞ্চলিক কর্মীরা বর্তমানে তুষার ও বরফ প্রস্তুতি এবং বৃষ্টি ও বন্যা বিষয়ক পর্যবেক্ষণের কাজে নিয়োজিত রয়েছেন। ঘটনার সময় জুড়ে ঝড়ে ক্ষতিগ্রস্ত সকল আবাসিক এলাকাগুলোতে 24/7 কাজ করার জন্য কর্মী নিয়োগ করা হবে।

তুষার এবং বরফের জন্য প্রয়োজনীয় সকল উপকরণ প্রস্তুত। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিক্সকে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেটব্যাপী উপলভ্য সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 1599টি বড় প্লাউ ট্রাক
- 182টি মাঝারি ডিউটি প্লাউ
- 325টি বড় লোডার্স
- 39টি স্নোব্লোয়ার্স
- 19 পিকআপ সঙ্গে প্লাউ

এছাড়া, লং আইল্যান্ড এই পরিস্থিতি শেষ না হওয়া পর্যন্ত রবিবার সকাল থেকে সব মিলিয়ে ছয়টি আবাসিক এলাকায় কুইক ক্লিয়ারেন্স ক্রু/ক্লাড পেট্রোল ক্রুদের যথাস্থানে রাখবে। তারা এই রকম ঘটনার সময় পরিচিত বন্যাপ্রবণ এলাকায় টহল দিবে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির 668 জন সুপারভাইজার ও অপারেটর আছে যারা সমগ্র স্টেট জুড়ে 208টি বড় স্নো প্লাও, 107টি মাঝারি স্নো প্লাও, 7টি টো প্লাও এবং 63টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 120,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটর চালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা ট্রান্সঅ্যালার্টট্রান্সঅ্যালার্ট ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান করে এখানে।

প্রদেশ পুলিশ বিভাগ (Division of State Police)
যেকোনো সমস্যার জন্য সকল সেনা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে। স্টেটের পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজনমতো অতিরিক্ত কর্মী মোতায়েন করতে প্রস্তুত। সকল ফোর-হুইল ড্রাইভ গাড়ি কাজ করছে এবং স্নোমোবাইল ও ইউটিলিটি গাড়িগুলো প্রস্তুত আছে ও মাঠে জন্য তৈরি আছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)
DEC পুলিশ আধিকারিক, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির উন্নতি পর্যবেক্ষণ করছেন এবং ঝড়ে আক্রান্ত হতে পারে এমন এলাকাগুলি সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। ইউটিলিটি যানবাহন সহ সকল উপলভ্য সম্পদ যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্ক খোলা থাকার সময়, খোলার সময় এবং বন্ধ হওয়ার সময় ইত্যাদি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে পার্ক ভ্রমণকারীদের উচিত https://parks.ny.gov দেখা বা তাদের স্থানীয় পার্কের অফিসে যোগাযোগ করা।

নিরাপত্তা পরামর্শ

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- বরফের প্রলেপ এবং ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে – ফলে যখনই সামনে এগুলোর স্তূপ পড়বে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানো অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- আপনার ভ্রমণ আবশ্যিক হলে নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়-জাতীয় সরঞ্জামাদি রয়েছে।
- পেট্রল ফ্রিজ-আপ আটকাতে আপনার গ্যাসের ট্যাঙ্ক ভর্তি রাখুন।
- আপনার ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগের যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকলে, সেগুলোর ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।
- নিশ্চিত করুন যে আপনার যাতায়াতের পরিকল্পনা অন্য কেউ জানে।
- গাড়ি চালানোর সময় যানবাহনকে বরফ এবং তুষার মুক্ত রাখুন।
- কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।
- সব রাস্তার মোটরচালকদের জন্য এটা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটা সুনিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।
- এছাড়াও গাড়িচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে তুষার-অপসারণ-যন্ত্র ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলো দ্রুত গতিপথ পরিবর্তন ও থামানো কষ্টসাধ্য। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

শীতকালীন আবহাওয়ায় নিরাপত্তা সংক্রান্ত আরো তথ্যের জন্য, দয়া করে হোমল্যান্ড সুরক্ষা এবং জরুরী পরিষেবা বিভাগের ওয়েবসাইট http://www.dhses.ny.gov/oem/safety-info পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন